

## জাবির অভিযোগ তদন্তে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক ও জাবি প্রতিনিধি

১৩ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৩ নভেম্বর ২০১৯ ০১:৩০

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভিসির পক্ষে-

বিপক্ষে আন্দোলনরত শিক্ষকদের দুই গ্রুপ শিক্ষা মন্ত্রণালয়ে পাল্টাপাল্টি লিখিত অভিযোগ দিয়েছে। অভিযোগ তদন্তসাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। গতকাল মঙ্গলবার রাজধানীর শিশু একাডেমিতে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নে তিনি এ কথা জানান। উপমন্ত্রী বলেন, আমরা উভয় পক্ষের অভিযোগ পেয়েছি। অবশ্যই তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেব। তার আগে বিশ্ববিদ্যালয় বন্ধ করার নৈতিক অধিকার কারও নেই। তদন্তের আগে সম্মানিত শিক্ষকদের কাছে সে জবাব চাইব।

এদিকে গতকাল জাবিতে এক সংহতি সমাবেশে ভিসি অধ্যাপক ফারজানা ইসলামকে নৈতিক পরাজয় মেনে অবিলম্বে পদত্যাগের দাবি জানিয়েছেন বক্তারা। সমাবেশে অর্থনীতি বিভাগের অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, বিশ্ববিদ্যালয়ের কাজ অনুগত বাহিনী তৈরি করা নয়। কিন্তু উপাচার্য অধ্যাপক ফারজানা ছাত্রলীগকে হামলার নির্দেশ দিয়ে তা-ই করেছেন।

সিপিবির সাধারণ সম্পাদক শাহ আলম বলেন, ছাত্র-শিক্ষকরা যে প্রমাণ দিয়েছেন তা দিয়ে আপনারা (সরকার) তদন্ত করুন। বাসদের সাধারণ সম্পাদক কমরেড খালেদুজ্জামান বলেন, পত্রিকায় ভিসির দুর্নীতি নিয়ে সংবাদ প্রকাশ হলো, এর পরও সরকারের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হলো না। সংহতি সমাবেশে আরও বক্তব্য রাখেন গণসংহতি আন্দোলনের সমন্বয়ক জোনায়েদ সাকি, ডাকসুর ভিপি নুরুল হক নুর, রাষ্ট্রচিন্তার রাখাল রাহা।

advertisement